রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১০, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৯৫—৭০১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৩৩৭—২৪১৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪১—২৫৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৩৭—২০৮৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৭৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ................. তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-১০৭**—সাধারণ বীমা কর্পোরেশন-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান-এর শূন্য পদে বীমা কর্পোরেশন আইন, ২০১৯-এর ধারা ৯(১)(ক) অনুযায়ী জনাব মোহাম্মদ জয়নুল বারী, সচিব (অবসরপ্রাপ্ত)-কে সাধারণ বীমা কর্পোরেশন-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-১১৬—**Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972)-এর Article 9(3)(c) অনুযায়ী সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-এর নির্বাহী পরিচালক জনাব ফাহমিদা আকতার খাতুন, পিএইচডি-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালক পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-৭ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১/১৯ সেপ্টেম্বর ২০২৪

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৮১.১২-১২৯**—বাংলাদেশ বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন মোঃ আব্দুল আহাদ, বিএসপি, বিইউপি, পিএসসি (বিডি/৮৭১৮), জিডি(পি)-কে বিমান বাহিনী অ্যাক্ট রুলস্ ১৯৫৭ এর রুল-১৫ অনুযায়ী চাকরি হতে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১/১৯ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০৭.২১-১৪৫**—জনাব মোঃ আব্দুল্লাহ আরেফ, পিপিএম (বিপি-৭২০১০১০০৬১), পুলিশ সুপার, বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত ইতঃপূর্বে পুলিশ সুপার, নৌ পুলিশ, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর হিসাবে কর্মরত থাকাকালে গত-১৭-১০-২০১৯ তারিখ ঢাকার গুলশান-১ এ যাওয়ার সময় গোল চত্বরের আগে তিনি গাড়ি থেকে নেমে তার অধীনস্থ ড্রাইভারসহ অন্যান্য পুলিশ সদস্যকে গালিগালাজ (গালমন্দ) ও মারধর করা এবং চাকরি খেয়ে ফেলার হুমকি প্রদান করার অভিযোগে তার বিরুদ্ধে ০০৬/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। পরবর্তীতে তার অনুরোধে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। ব্যক্তিগত শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পুঙ্খানুপুঙ্খ ও যথাযথভাবে পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত 'আসদাচরণ' (Misconduct) এর অভিযোগ তুচ্ছ ঘটনার কারণে হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

৩। এমতাবস্থায়, জনাব আব্দুল্লাহ আরেফ, পিপিএম (বিপি-৭২০১০১০০৬১), প্রাক্তন পুলিশ সুপার, নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর ও পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজির কার্যালয়, খুলনায় সংযুক্ত-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিবেচনায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান কর হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং-৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১১.২৩-১৪৬**—জনাব মোঃ সিদ্দিকুর রহমান (বিপি-৭৫০৫১০৮২০৩) পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী ইতঃপূর্বে পুলিশ সুপার, শিল্প পুলিশ-২ গাজীপুর হিসাবে কর্মরত থাকাকালে ভ্রমণ ব্যয় বিল যথাযথভাবে প্রস্তুত না করে কোনো কোনো ভ্রমণ ব্যয় বিলে দাখিলকারকের স্বাক্ষর না থাকা, কোন কোন ভ্রমণ ব্যয় বিলে উপযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন ও অগ্রগামী না করা এবং কোন কোন ভ্রমণ ব্যয় বিলে দাখিলকারী, প্রত্যয়নকারী ও অগ্রগামীকারী কারো স্বাক্ষর না থাকা সত্ত্বেও নিয়মবহির্ভূতভাবে বিলসমূহ অনুমোদন করেন। বর্ণিত ভ্রমণ ব্যয় বিলসমূহের কোন কোন বিলে বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-২ এর ৭১, ৭৩ ও ৭৪ বিধির নির্দেশনা লঙ্ঘন করে তার বাসার অর্ডারলিদেরকে একই মাসে একই হারে একাধারে ১০ দিনের অধিক ২৫ দিন পর্যন্ত দৈনিক ভাতা প্রদান করেন। গত ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে শিল্প পুলিশ-২ গাজীপুরের ২০ জন পুলিশ সদস্যকে বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালার ব্যত্যয় করে ১৫ (পনেরো) দিন চিত্তবিনোদন ছুটি মঞ্জুর করে তাদেরকে ১০ (দশ), ০৭ (সাত) ও ০৫ (পাঁচ) দিনের ছুটি ভোগ করার জন্য ছাড়পত্র প্রদান করেন যা মঞ্জুরকৃত ছুটির আদেশের সাথে সাংঘর্ষিক এবং ২০১৮ সালে ডি-স্টোর ইনচার্জের দায়িত্বে থাকা এএসআই (নিরস্ত্র) আসাদুজ্জামানের বিরুদ্ধে ডি-স্টোরের সারকারি মালামালের হিসাব গরমিল পাওয়ার অভিযোগে তার নিকট হতে অসৎ উদ্দেশ্যে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা গ্রহণ করে সরকারি কোষাগারে জমা প্রদান করেননি এবং লঘুদণ্ড হিসাবে ০২ (দুই) টি তিরস্কার (Double Censure) প্রদান করেন। অর্থাৎ আর্থিক তছরূপের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা আইনগত গ্রহণ না করার অভিযোগে গত ৩১-০৭-২০২৩ তারিখ তার বিরুদ্ধে ০০৩/২০২৩ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির অনুরোধের পরিপ্রেক্ষিতে গত ১৭-০৯-২০২৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়।

২। শুনানিকালে আনীত অভিযোগ, তার লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ দালিলিক তথ্য-প্রমাণাদির আলোকে তার বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের প্রয়োজনীয়তা থাকায় গত ১৩-১১-২০২৩ তারিখ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। তদন্তকারী কর্মকর্তা সকল বিধি-বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত শেষে গত ১১-০৯-২০২৪ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগসমূহের তদন্তকালে গৃহীত সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হয়নি মর্মে মন্তব্য করা হয়েছে।

৪। এমতাবস্থায়, জনাব মোঃ সিদ্দিকুর রহমান (বিপি-৭৫০৫১০৮২০৩) পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী ও সাবেক পুলিশ সুপার, শিল্প পুলিশ-২, গাজীপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি বিবেচনায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং-৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০১.২৪(অংশ-২)-৩১৬**—জনাব মোঃ সামসুল আলম, বিসিএস প্রশাসন, আইডি নং-৪১৩২, উপসচিব (বরখাস্ত), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর আবেদনের পরিপ্রেক্ষিতে বিশেষ জজ আদালত নং-৬, ঢাকা এর বিশেষ মামলা নং-২২/২০০৮ (রমনা মডেল থানার মামলা নং-৪১, তারিখ: ২৩-০৩-০৮ হতে উদ্ভূত)-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৪৯ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক মওকুফ করা হয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০১.২৪(অংশ-১)-৩১৭**—জনাব মো: মামুনুর রশিদ, সিনিয়র সহকারী সচিব (ওএসডি), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর দণ্ড মওকুফপূর্বক মুক্তির বিষয়ে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি রমনা থানার মামলা নং-২৬(৪)০৯ (এসিসি জিআর মামলা নং-২২/০৯. স্পেশাল কেস নং-০৫/২০১৫, মহামান্য হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপীল নং-১২২৯৮/২০১৮)-এ প্রদত্ত দণ্ডাদেশ মওকুফ কারায় তাঁকে নির্দেশক্রমে মুক্তি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০/১৯ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৮.২৪-৪৮৩**—যেহেতু জনাব মোজাম্মেল হক চৌধুরী, ইনচার্জ, হিমছড়ি পুলিশ ফাঁড়ি, রামু থানা, কক্সবাজার জেলায় কর্মরত থাকাকালে গত ১৫-০৯-২০১৭ খ্রিঃ রাত ০৮:৩০ ঘটিকার সময় হিমছড়ি পুলিশ ফাঁড়ি এলাকায় নাইট ডিউটিতে নিয়োজিত থাকাকালীন সঙ্গীয় ফোর্স কং/৪২১ সুনির্মল চাকমা ও কং/১১০৩ মোঃ আক্তার হোসেনকে আসামী ধরার কথা বলে মিথ্যা তথ্য দিয়ে নিজ অধিক্ষেত্রের বাহিরে কক্সবাজার জেলার সদর থানাধীন কলাতলী সুগন্ধ্যা পয়েন্টে অবস্থিত দেশ ট্রাভেলস বাস কাউন্টারে যান। আইন অনুযায়ী নিজ দায়িত্বাধীন এলাকার বাহিরে যাওয়ার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করাসহ নিজ থানা রামু সাধারণ ডায়েরীতে লিপিবদ্ধ করার বিধান থাকলেও তিনি তা না করে ক্ষমতার অপব্যবহার করেন। এছাড়াও তিনি সুনির্দিষ্ট তথ্য উপাত্ত ব্যতিত শুধুমাত্র সন্দেহবশত অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে শফি আলম ও মোঃ সোহেলের পিসিপিআর যাচাই না করে তাদেরকে অবৈধভাবে আটক করে ফাঁড়ির হাজতে রেখে উক্ত ব্যক্তিদ্বয়ের সাংবিধানিক মৌলিক অধিকার খর্ব করেন এবং পরবর্তীতে উৎকোচ গ্রহণের মাধ্যমে আইনানুগ প্রক্রিয়া ছাড়াই তাদেরকে ছেড়ে দেয়ার বিষয়টি সাক্ষ্য-প্রমাণে প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-২০১৮ এর বিধি -৪(৩) (ক) মোতাবেক তাকে গত ১৭-৪-২০২৪ খ্রিঃ গুরুদণ্ড হিসেবে ৫ (পাঁচ) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে "অবনমিতকরণের অবনমিতকরণ" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুদ্ধ হয়ে তিনি এ বিভাগে আপিল আবেদন করেন ;

২। যেহেতু, তার আবেদন অনুযায়ী গত ১১-০৯-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার পূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার অভিযোগ অস্বীকারের বিষয়টি গ্রহণযোগ্য নয় ; এবং অভিযুক্ত কর্মকার্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয় ; এবং

৪। সেহেতু, জনাব মোজাম্মেল হক চৌধুরী, বিপি-৮১০৬১০১৫৩৩, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) বর্তমানে পিবিআই, চট্টগ্রাম মেট্রো চট্টগ্রাম-কে প্রদত্ত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক 'গুরুদণ্ড' ০৫ (পাঁচ) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডাদেশ মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ডের আদেশ প্রদান করেন। এবং তিনি ভাবিষ্যতে উক্ত মেয়াদের কোন বকেয়া প্রাপ্য হবেন না।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১০.২৪-৪৮৪**—যেহেতু জনাব মোঃ নাসির উদ্দিন মল্লিক (বিপি-৬৬৯১০৮৬৬৩৯), সহকারী পুলিশ সুপার, সিআইডি, ভোলা ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার (ডিবি), বিএমপি, বরিশাল-এর জনাব মোঃ নাসির উদ্দিন মল্লিক (বিপি-৬৬৯১০৮৬৬৩৯) সহকারী পুলিশ সুপার, সিআইডি, ভোলা ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার (ডিবি), বিএমপি, বরিশাল ১৪-০৩-২০১৭ তারিখ হতে ২১-০৮-২০১৯ তারিখ পর্যন্ত বিএমপি, বরিশালের গোয়েন্দা শাখায় সহকারী পুলিশ কমিশনার হিসেবে কর্মরত থাকাকালীন বিজ্ঞ আদালতের নির্দেশক্রমে এয়ারপোর্ট থানার মামলা নং-৯, তারিখ-১০/০৪/১৬, ধারা ৩০২/৩৪ পিসি, জিআর নং-৫৫/২০১৬ (এয়ারপোর্ট) মামলার ৪র্থ তদন্তকারী কর্মকর্তা হিসেবে তদন্তভার গ্রহণ করেন। উক্ত মামলার ২য় তদন্তকারী কর্মকর্তা এসআই/ মোঃ হেলাল উদ্দিন, সিআইডি, ঢাকার তদন্তকালে আসামি রিমন হোসেন ফৌজদারী কার্যবিধি ১৬৪ ধারায় জবানবন্দি প্রদান করেন। জবানবন্দিতে সে 'সেতু' নামক আসামির কথা উল্লেখ করেন। তিনি মামলা তদন্তকালে মোঃ জাকারিয়া সেতু (১৮), পিতা-গোলাম কিবরিয়া, সাং-রহমতপুর বাজারের উত্তর পার্শ্বে, থানা-এয়ারপোর্ট, বিএমপি, বরিশাল নামক এক ব্যক্তির সন্ধান পেলেও উক্ত ব্যক্তি অত্র মামলার সাথে সংশ্লিষ্ট কিনা তা নিরূপন করেননি। তিনি মামলাটি তদন্তে শেষে এজহারনামীয় ও তদন্তে প্রাপ্ত ১৫ (পনের) জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করলেও আসামি রিমন হোসেনের ১৬৪ ধারার জবানবন্দিতে প্রাপ্ত আসামি জাকারিয়া সেতুকে অভিযোগপত্রে Not sent up করেন, যা বিজ্ঞ আদালতের নিকট গ্রহণযোগ্য হয়নি। নিজ দায়িত্ব ও কর্তব্যকর্মে ইচ্ছেকৃত অবহেলার কারণে বিজ্ঞ আদালতে এহেন ত্রুটিপূর্ণ অভিযোগপত্র দাখিল করায় বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে ; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্যে বর্ণিত 'সেতু' নামক ব্যক্তির বিষয়ে কোন তথ্য প্রমাণ না থাকা এবং মামলার এজাহারকারীও উক্ত 'সেতু' এ মামলার সাথে জড়িত না থাকার কথা জানায় মর্মে উল্লেখ এবং সে প্রেক্ষিতেই সেতুকে Not sent up করার বিষয়টি গ্রহণ যোগ্য প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় ;

৩। যেহেতু, জনাব মোঃ নাসির উদ্দিন মল্লিক (বিপি-৬৬৯১০৮৬৬৩৯), সহকারী পুলিশ সুপার, সিআইডি, ভোলা ইতঃপূর্বে সহকারী পুলিশ কমিশনার (ডিবি), বিএমপি, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬০.২৩-৪৮৫**—যেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪) সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি অফিস, সিলেটে কর্মরত আছেন। তিনি ১৩-০২-২০২২ তারিখ রাত আনুমানিক ০০:৩০ ঘটিকার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোকাররম ভবনের সামনে অপ্রকৃতিস্থ ও অশালীন আচরণ করলে জাতীয় জরুরী সেবা-৯৯৯ এর মাধ্যমে জানতে পেরে শাহবাগ থানার মোবাইল-২৫ টহল টিম তাৎক্ষণিক ঘটনাস্থলে উপস্থিত হয়ে তাকে শান্ত করার চেষ্টা করে প্রাথমিক চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিতে চাইলে তিনি জোরপূর্বক ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে প্রবেশ করেন। উচ্ছৃঙ্খল আচরণ করা থেকে তাকে নিবৃত করার চেষ্টা করা হলেও তিনি তাতে কোনোরূপ কর্ণপাত না করে কার্জন হলের মূল গেইটের পার্শ্ববর্তী একটি গেইট দিয়ে বের হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ড. মুহম্মদ শহীদুল্লাহ হলে প্রবেশ করেন ; সেখানে শাহবাগ থানার এসআই মোঃ নাছির উদ্দিন তাকে শান্ত করার চেষ্টা করলেও তিনি হলের মাঠের মধ্যে খালি গায়ে বসে থাকেন। তিনি প্রায়শই শহীদুল্লাহ হলে অস্বাভাবিকভাবে প্রবেশ করতঃ ঘোরাফেরা করেন এবং তিনি মাঝে মাঝে অপ্রকৃতিস্থ (নেশাগ্রস্থ) অবস্থায় ড. মুহম্মদ শহীদুল্লাহ হলে গিয়ে উচ্ছৃঙ্খল আচরণ করেন যা জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে ;

যেহেতু, অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্তকে কারণ দর্শাতে বলা হয় ; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি দেয়া যায় ;

সেহেতু, জনাব মোঃ মশিয়ার রহমান (বিপি-৮৮১৪১৬৬২৮৪), সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি অফিস, সিলেট-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রসাঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে সর্তক করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৮০.২০২২-৪৮৬**—যেহেতু, জনাব মুহাম্মদ জাবেদ, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার, (২৮ তম ব্যাচ), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর-২৮তম বিসিএস (পুলিশ) এ নিয়োগ প্রাপ্ত হয়ে গত ২৮-০৭-২০১১ ইং তারিখ পূর্বাহ্নে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বম(পু-১) নিয়োগ-৪/২০০৬/৬৪৫ তারিখ: ০৮-০৮-২০১১ মূলে তার চাকুরি পুলিশ অধিদপ্তরে ন্যস্ত করলে তিনি ০৯-০৮-২০১১ ইং তারিখে পুলিশ অধিদপ্তরে শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার হিসেবে যোগদান করেন। তাকে পুলিশ অধিদপ্তর স্মারক নং ট্রেনিং/৯৩-২০১১/১৬৫৯ তারিখ: ০৫-০৯-১১ মোতাবেক বাংলাদেশ পুলিশ একাডেমি সারদায় ১১-০৯-২০১১ তারিখ হতে ০১ (এক) বৎসর মেয়াদী মৌলিক প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয় কিন্তু তিনি নির্ধারিত তারিখে প্রশিক্ষণে যোগদান করেননি অভিযোগ পাওয়া যায় ; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে গঠিত অভিযোগের বিপরীতে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য মর্মে প্রতীয়মান হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যহতি দেয়া যায় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সেহেতু, জনাব মুহাম্মদ জাবেদ, শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার, (২৮ তম ব্যাচ), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করে হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

---

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শৃঙ্খলা, বিধি ও মতামত শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/১২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং-৪৯.০০.০০০০.০৫০.২৭.১৮১.২১-২৭/১**—যেহেতু, জনাব স. ম. জাহাঙ্গীর আখতার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, শরীয়তপুর (বর্তমানে টিটিসি, মাদারীপুর) কর্মরত থাকাকালীন বিগত ২২-১০-২০১৯ খ্রি. তারিখে কম্পিউটার অপারেশন এবং আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড ল্যাবদ্বয়ের ৭৬টি কম্পিউটারের র‌্যাম ও ৭৬টি প্রসেসর চুরির বিষয়ে বিএমইটি কর্তৃক তদন্তে অধ্যক্ষের কর্তব্যে অবহেলা ও দায়িত্বহীনতা প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা দায়ের (মামলা নং-০৬/২০২১) পূর্বক গত ২৯-০৮-২০২১ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় ; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন। কিন্তু শুনানীকালে সন্তোষজনক বক্তব্য উপস্থাপনে ব্যর্থ হন ; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক অভিযোগের বিষয়টি তদন্তে প্রমাণিত হয় ; এবং

যেহেতু, শরীয়তপুর টিটিসি'তে এত মূল্যবান কম্পিউটার সামগ্রী থাকা সত্ত্বেও সঠিকভাবে দায়িত্ব পালন না করা এবং চুরি সংক্রান্ত মামলায় পুলিশ কর্তৃক গ্রেফতারকৃত ও রিমান্ডে নীত এবং পরবর্তীতে জামিন প্রাপ্ত নৈশ প্রহরী জনাব মোঃ খলিল সরদার এর স্থলে অন্য কাউকে নিয়োজিত না করে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক তাকেই দৈনিক মজুরীর ভিত্তিতে দায়িত্বে বহাল রাখা হয়। বিষয়টি টিটিসি'র কর্মকর্তা/কর্মচারীরা সকলে অবহিত ছিলেন মর্মে তদন্তে প্রমাণিত হয়। ফলে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মূল্যবান কম্পিউটার সামগ্রী চুরি ও সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয় ; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় জনাব স. ম. জাহাঙ্গীর আখতার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র শরীয়তপুর (বর্তমানে টিটিসি, মাদারীপুর) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, যা অসদাচরণের পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব স. ম. জাহাঙ্গীর আখতার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, শরীয়তপুর (বর্তমানে টিটিসি, মাদারীপুর) এর জবাবের প্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে গত ২০-০২-২০২৪ খ্রি. তারিখে শুনানীকালে উপস্থাপিত বক্তব্য পর্যালোচনাপূর্বক সার্বিক বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের অভিযোগে একই বিধিমালার বিধি ৪(২)(ঘ) অনুযায়ী তাঁকে 'বেতন গ্রেডের নিম্নতম ধাপে অবনমিতকরণ' শীর্ষক লঘুদণ্ড প্রদান করা হল। তাঁর বর্তমান মূল বেতন ৩৩,৩৭০/- হতে ৩১,৭৮০/- টাকায় নির্ধারণ করা হলো। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ দণ্ড কার্যকর হবে এবং জুন ২০২৫ পর্যন্ত তা বহাল থাকবে। অবনমিতকরণ দণ্ড সমাপনান্তে অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রুহুল আমিন**
সচিব।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**সুরক্ষা সেবা বিভাগ**

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০২.২৪-৩১৫**—ডাঃ জুবাইদা রহমান, স্বামীঃ জনাব তারেক রহমান এঁর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা এর মেট্রো বিশেষ মামলা নং-৩৪১/২০২২ [কাফরুল থানার মামলা নং-৫২, তারিখ ২৬-০৯-২০০৭]-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আত্মসমর্পণপূর্বক আপীল দায়েরের শর্তে ০১(এক) বছরের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।